৪১

দৈনিক ইত্তেফাক

তারিখ JUN 13.1999
পৃষ্ঠা ২৫ কলাম ৬

## চট্টগ্রাম ভার্সিটিতে শিবির ও ছাত্রলীগ সমাবেশ করিতে পারে নাই

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ পুলিশের বাধার কারণে গতকাল শনিবার সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় লাইব্রেরী চত্বরে ছাত্র শিবির ও ছাত্রলীগের কোন সমাবেশ অনুষ্ঠিত হয় নাই। সমাবেশ করিতে না দেওয়ায় ছাত্র শিবির সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ধর্মঘট আহ্বান করিয়াছে। ছাত্র শিবির পূর্ব-ঘোষিত কর্মসূচী অনুযায়ী গতকাল লাইব্রেরী চত্বরে কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে ছাত্র সমাবেশ করার পূর্বেই বিপুল সংখ্যক পুলিশ লাইব্রেরী চত্বরসহ কলাভবন এলাকায় অবস্থান নেয়। এদিকে ছাত্রলীগও কলাভবন এলাকায় ছাত্র সমাবেশ না করিয়া ফিরিয়া যায়। পরে শিবির জামে মসজিদ এলাকায় এক কর্মী সভার আয়োজন করে। বিশ্ববিদ্যালয় শিবির সভাপতি মজিবুর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সভায় বক্তব্য রাখেন, কেন্দ্রীয় শিবির সভাপতি মতিউর রহমান আকন্দ। সমাবেশে পুলিশের বাধার নিন্দা করা হয়।

ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় রেল ষ্টেশন চত্বরে দুপুরে এক সংক্ষিপ্ত সমাবেশ করে।